একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৯.২১.২৯১ তারিখঃ ১১/০৮/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যেহেতু, মোঃ হারুন অর রশিদ খন্দকার, পিতাঃ মোঃ আব্দুল হাকিম খন্দকার, সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লায় (সাবেক কর্মস্থল-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা) কর্মরত আছেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগে এ অধিদপ্তরের ২৭/০৭/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৯.২১.২৯৮ নং স্মারকে তার বিরুদ্ধে ০৩১/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ২০/১২/২০২১ খ্রিঃ তারিখের ৫১১ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ দেওয়া হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক ১৯/০৬/২০২২ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্তৃক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আবু হাসনাত মোঃ মহিউদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগটি প্রমাণিত হয়নি। তবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আবু হাসনাত মোঃ মহিউদ্দিন এর বিরুদ্ধে অভিযুক্ত নার্সিং কর্মকর্তা মিথ্যা, ভিত্তিহীন ও বানোয়াট অভিযোগ দাখিল করেছেন মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে।

৪। যেহেতু, অভিযুক্ত নার্সিং কর্মকর্তা উপযুক্ত কোন প্রমানক না থাকা সত্তেও অভিযোগের অনুলিপি চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশনসহ বিভিন্ন স্থানে দাখিল করেন। যার ফলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডাঃ আবু হাসনাত মোঃ মহিউদ্দিন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা এর ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে। এছাড়া অভিযুক্ত নার্সিং কর্মকর্তা কর্তৃক অফিস প্রধানের বিরুদ্ধে অসংগত, ভিত্তিহীন, হয়রানিমুলক ও মিথ্যা অভিযোগ দাখিল করায় নার্সিং পেশারও ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে।

৫। যেহেতু, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণের অপরাধে অপরাধী।

৬। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি মোতাবেক অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০২ (দুই) বছরের জন্য স্থগিত রাখা দন্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে তিনি স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতনের বকেয়া পাবেননা এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবেনা।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৯.২১.২৯১ তারিখঃ ১১ /০৮/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। পরিচালক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
২। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
৩। সিভিল সার্জন, কুমিল্লা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা।
৬। সেবা তত্ত্বাবধায়ক, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, কুমিল্লা।
৮। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
৯। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
১০। মোঃ হারুন অর রশিদ খন্দকার, পিতাঃ মোঃ আব্দুল হাকিম খন্দকার, সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা। (সাবেক কর্মস্থল-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা)
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

১১/৮/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬১.২১- ৬০৪ | তারিখঃ ২১/০৮/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা নং- ০৫৯/২০২২ এর ব্যক্তিগত শুনানির নোটিশ।

আপনি উত্তম কুমার বিশ্বাস, পিতাঃ মাধব চন্দ্র বিশ্বাস, অফিস সহকারী, মাগুরা নার্সিং ইনস্টিটিউট, মাগুরা (সাবেক কর্মস্থল- সংযুক্তিতে বান্দরবান নার্সিং কলেজ, বান্দরবান) এর বিরুদ্ধে এ অধিদপ্তরের ০৬/০৭/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬১.২১-২২১ নং স্মারকে ০৫৯/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামার জবাব গত ১২/০৭/২০২২ খ্রিঃ তারিখে দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করেন।

২। এমতাবস্থায়, বর্ণিত বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক মহোদয়ের অফিস কক্ষে আগামী ২৮/০৮/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত শুনানিতে অংশগ্রহণের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

২১/৮/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

উত্তম কুমার বিশ্বাস
পিতাঃ মাধব চন্দ্র বিশ্বাস
অফিস সহকারী, মাগুরা নার্সিং ইনস্টিটিউট, মাগুরা।
(সাবেক কর্মস্থল- সংযুক্তিতে বান্দরবান নার্সিং কলেজ, বান্দরবান)

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬১.২১- ৬০৪/১(৫) | তারিখঃ ২১/০৮/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে
১। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
২। অধ্যক্ষ, বান্দরবান নার্সিং কলেজ, বান্দরবান।
৩। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, মাগুরা নার্সিং ইনস্টিটিউট, মাগুরা।
৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২১/৮/২২
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm .gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭১.১৯- ৩০৫ তারিখঃ ২১/০৮/২০২২ খ্রিঃ

অফিস আদেশ

যেহেতু, মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মূল কর্মস্থল-দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সংযুক্তিতে- লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল-নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ) নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জে কর্মরত থাকাকালীন ৪৯ দিন এবং লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে ০৩/০২/২০২১ খ্রিঃ তারিখ হতে ১৯/০২/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩৫৪ দিন সর্বমোট ৪০৩ দিন অনুপস্থিত ছিলেন;

২। যেহেতু, অভিযুক্তের বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক ২৫/১১/২০২০ খ্রিঃ তারিখের ২৪৪ নং স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন মতে নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জে কর্মরত থাকাকালীন ৪৯ দিন কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ সত্য;

৩। যেহেতু, লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাটে গত ২৫/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে অনুপস্থিত থাকার কারণে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কৈফিয়ত তলব করা হলেও তিনি কৈফিয়ত তলবের জবাব দাখিল করেননি;

৪। যেহেতু, এ অধিদপ্তর হতে ০৮/১২/২০২১ খ্রিঃ তারিখের ৪৯৭ নং স্মারকে ০৪৩/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় ১৩/০২/২০২২ খ্রিঃ তারিখে দাখিলকৃত জবাব এর প্রেক্ষিতে ৩১/০৫/২০২২ খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৫। যেহেতু, অভিযুক্তের ব্যক্তিগত শুনানি এবং ব্যক্তিগত নথি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিতে বর্ণিত ''পলায়ন '' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। যেহেতু তিনি তার ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন।

৬। সেহেতু, মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মূল কর্মস্থল-দিনাজপুর নার্সিং কলেজ, দিনাজপুর, সংযুক্তিতে-লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট (সাবেক কর্মস্থল-নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৪ (চার) বছরের জন্য স্থগিত রাখার লঘুদন্ড প্রদান করা হলো। শাস্তির মেয়াদ শেষে কোনো বকেয়া পাবেন না এবং এই মেয়াদে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

২১/০৮/২০২২

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭১.১৯- ৬০৫/১(৭) তারিখঃ২১ /০৮/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৩। অধ্যক্ষ, নার্সিং কলেজ, লালমনিরহাট/ দিনাজপুর।

৪। সহকারী পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)

৫। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, মুন্সিগঞ্জ।

৬। জনাব মোঃ আরিফ আহমেদ, পিতাঃ কবির আহমেদ, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, লালমনিরহাট নার্সিং কলেজ, লালমনিরহাট।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

২১/৮/২২

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭